

September Cook-Off 2018

Problem Code : OETW

OneTwo

রিমা তার জন্মদিনে একটা পূর্ণসংখ্যার ধারা A_1, A_2, \dots, A_N পায়। এই ধারার প্রত্যেক সংখ্যা হয় 1 অথবা 2।

একটা পূর্ণসংখ্যা s ($1 \leq s \leq 2N$) কে *সংক্ষিপ্ত সংখ্যা* বলা হবে যদি A তে এমন কোন contiguous subsequence থাকে যার সংখ্যাগুলোর যোগফল s হয়।

রিমা এরকম কয়টা *সংক্ষিপ্ত সংখ্যা* আছে সেটা বের করতে চায়। তুমি কি তাকে সাহায্য করতে পারবে?

ইনপুট:

- প্রথম লাইনে একটা পূর্ণসংখ্যা T দেওয়া আছে যা টেস্টকেস সংখ্যা নির্দেশ করে। এরপরে T সংখ্যক টেস্টকেসের বিবরণ রয়েছে।
- প্রত্যেক টেস্টকেসের প্রথম লাইনে একটা পূর্ণসংখ্যা N থাকে।
- দ্বিতীয় লাইনে N সংখ্যক পূর্ণসংখ্যা A_1, A_2, \dots, A_N থাকে।

আউটপুট:

প্রত্যেক টেস্টকেসের জন্য তোমাকে এক লাইনে একটা পূর্ণসংখ্যা প্রিন্ট করতে হবে, যা হবে ঐ টেস্টকেসের জন্য *সংক্ষিপ্ত সংখ্যা*-র পরিমাণ।

শর্তাবলি:

- $1 \leq T \leq 5$
- $1 \leq N \leq 2 \cdot 10^6$
- $1 \leq A_i \leq 2$

নমুনা ইনপুট :

1

3

2 1 2

নমুনা আউটপুট :

4